# RAMAKRISHNA MISSION VIDYAMANDIRA
(Residential Autonomous College affiliated to University of Calcutta)

**B.A./B.Sc. SIXTH SEMESTER EXAMINATION, MAY 2016**
**THIRD YEAR [BATCH 2013-16]**
**BENGALI (Honours)**
**Paper : IX**

Date : 14/05/2016
Time : 11 am – 3 pm
Full Marks : 100

১। যে কোন **একটি** প্রশ্নের উত্তর দাও। [১×১১]

ক) 'কমলাকান্তের দপ্তর'-এ বঙ্কিমচন্দ্রের সাহিত্যসত্তার কোন্ দিকটি বেশী উজ্জ্বল হয়ে উঠেছে, তা তোমার পাঠ্যসূচির অন্তর্ভুক্ত প্রবন্ধগুলি অবলম্বনে দেখাও।

খ) 'বিড়াল' প্রবন্ধটির ভাববস্তু আলোচনা করে বঙ্কিমচন্দ্রের সাম্যবাদী দৃষ্টিভঙ্গীর পরিচয় দাও।

২। যে কোন **একটি** প্রশ্নের উত্তর দাও। [১×৪]

ক) 'কেহ একা থাকিও না' — প্রাবন্ধিকের এরকম বক্তব্যের কারণ কী?

খ) 'উঠ মা। এবার সুসন্তান হইব, সৎপথে চলিব তোমার মুখ রাখিব।' — উক্তিটির তাৎপর্য ব্যাখ্যা করো।

৩। নীচে উল্লিখিত যে কোন **একটি** প্রাদেশিক সাহিত্য (প্রাক্-আধুনিক যুগ) সম্পর্কে আলোচনা করো। [১×১৪]

ক) মারাঠি সাহিত্য

খ) তেলেগু সাহিত্য

৪। যে কোন **একটি** প্রশ্নের উত্তর দাও। [১×১৪]

ক) সংস্কৃত আলঙ্কারিকেরা 'রস' বলতে কী বুঝিয়েছেন মূল সংস্কৃত সংজ্ঞাটি সহ তা উল্লেখ করো। রসের জগৎকে তাঁরা কেন 'মায়ার জগৎ' বলেছেন তা বুঝিয়ে বলো। [৬+৮]

খ) স্থায়ীভাব, বিভাব ও অনুভাবের সংস্কৃত সংজ্ঞাগুলি যথাযথ উদ্ধৃত করো। স্থায়ীভাব কী কী, তা লিপিবদ্ধ করো। কোন্ স্থায়ীভাব থেকে কোন্ রস উৎপন্ন হয় তা দেখাও। [৪+৪+৬]

৫। যে কোন **একটি** প্রশ্নের উত্তর দাও। [১×১৪]

ক) সমাজতান্ত্রিক বাস্তবতার মূল সূত্রগুলি আলোচনা করে দেখাও যে এই মতবাদ সাহিত্যসৃজন প্রক্রিয়া বা আলোচনাক্ষেত্রে কতটা গৃহীত হতে পারে?

খ) রোম্যান্টিক মতবাদের উদ্ভবের প্রেক্ষাপট উল্লেখ করে এর বৈশিষ্ট্যগুলি দৃষ্টান্তসহ আলোচনা করো।

৬। যে কোন **একটি** প্রশ্নের উত্তর দাও। [১×১৪]

ক) রবীন্দ্রনাথ সাহিত্যকে মনে করেছেন 'দৈববাণী'। সংশ্লিষ্ট প্রবন্ধটির প্রেক্ষিতে এই রাবীন্দ্রিক তত্ত্বকে তুমি কতটা গ্রহণযোগ্য মনে করো।

খ) রবীন্দ্রনাথ সাহিত্যের বিচারকদের কয়ভাগে ভাগ করেছেন এবং কেন করেছেন? সাহিত্যের বিচার প্রক্রিয়া সম্পর্কে তিনি সাহিত্যের বিচারকদের কী পরামর্শ দিয়েছেন?

৭। যে কোন **একটি** প্রশ্নের উত্তর দাও। [১×১১]

ক) এলিয়টের কবিতায় সমকালের বাস্তব বিশ্ব ফুটে উঠেছে। সংশ্লিষ্ট কবিতাগুলির আলোকে এই বক্তব্য আলোচনা করো।

খ) শেক্সপীয়ারের মূল চারটি ট্র্যাজেডির নাম উল্লেখ করে দেখাও যে, এই ট্র্যাজেডিগুলি রচনায় কেমন করে তিনি গ্রীক ট্র্যাজেডি রচনার ধারা থেকে সরে এসে স্বাতন্ত্র্যের পরিচয় দিয়েছিলেন, তা দেখাও।

৮। যে কোন **একটি** বিষয় নিয়ে আলোচনা করো। [১×৩]

ক) ম্যান অ্যাণ্ড সুপারম্যান

খ) ওথেলো

৯। যে কোন **একটি** প্রশ্নের উত্তর দাও। [১×১১]

ক) শূদ্রকের রচনায় সেকালের সমাজ কতটা ফুটে উঠেছে, তা আলোচনা করো।

খ) সংস্কৃত সাহিত্যে বিশাখদত্তের কৃতিত্ব ও অবদান কোথায়, তা আলোচনা করো।

১০। যে কোন **<u>একটি</u>** বিষয় নিয়ে আলোচনা করো। [১×৪]

ক) ঋতুসংহার

খ) উত্তররামচরিত

———— × ————